যুগান্তর

11 8 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম

ইউজিসির প্রতিবেদন

# ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া বন্ধের সুপারিশ

**যুগান্তর রিপোর্ট**

ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া বন্ধের সুপারিশ পাঠিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। পরিচালনার সাময়িক অনুমতি ও সনদপত্রের বিভিন্ন শর্ত ভঙ্গ করায় ইউজিসি এ পদক্ষেপ নিয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন সংস্থাটির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। তিনি বলেন, আইনত আমরা কেবল সুপারিশ করতে পারি। বাস্তবায়নকারী হল মন্ত্রণালয়। বিশ্ববিদ্যালয়টি টিকিয়ে রাখার মতো কোনো অবস্থা আইনের দৃষ্টিতে অবশিষ্ট নেই বলে জানান তিনি।

এর আগে ৬ আগস্ট এ বিশ্ববিদ্যালয়ে ইউজিসির চেয়ারম্যানেরই নেতৃত্বে আকস্মিক পরিদর্শনে যায় একটি প্রতিনিধি দল। তারা নানা অনিয়ম দেখে আসে। ওইদিন ইউজিসির চেয়ারম্যান বলেছিলেন, 'আমরা বিশ্ববিদ্যালটটি বন্ধের সুপারিশ করব।' মন্ত্রণালয় সূত্র জানায়, বিশেষ ম্যাসেঞ্জারের মাধ্যমে বুধবার প্রতিবেদন পাঠানো হয়। এটি এখন পর্যালোচনার পর সিদ্ধান্ত হবে। দায়িত্বশীল সূত্র জানায়, প্রতিবেদনে বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে আইনের বিভিন্ন ধারা অমান্য করার কথা বলা আছে। বিশেষ করে বেসরকারি বিশ্ববিদ্যালয় অ্যাক্ট ২০১০-এর ৬ এবং ৯নং ধারা লংঘনের অভিযোগ আনা হয়। সম্প্রতি আদালতের নির্দেশে সরকার দারুল ইহসান বিশ্ববিদ্যালয় বন্ধ করেছে। ২০০৫ সালে ইউজিসির সুপারিশে ৫টি বিশ্ববিদ্যালয় বন্ধের দৃষ্টান্ত আছে।